

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখঃ ৫ শ্রাবণ, ১৪২১ বঙ্গাব্দ/২০ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ১৯৯ আইন/২০১৮/ফিল্ড ফা (রাজ-৪)।—যেহেতু, সরকার Manoeuvres, Field Firing and Artillery Practice Act, 1938 (Act No.V of 1938), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 9 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে ফিল্ড ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস্ পরিচালনার উদ্দেশ্যে গত ১৫ পৌষ, ১৪০৬ বঙ্গাব্দ মোতাবেক ২৯ ডিসেম্বর, ১৯৯৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩৭৯-আইন/৯৯ খ্রিস্টাব্দ দ্বারা নিয় তফসিলে বিধৃত কর্বাজার জেলার ‘নিদানীয়া এডি ফায়ারিং রেঞ্জ’ এলাকা, অতঃপর উক্ত এলাকা বলিয়া উল্লিখিত, বা উহার অংশ বিশেষকে নির্ধারণ করিয়াছে;

এবং যেহেতু, সরকার উক্ত Act এর section 9 এর sub-section (3) তে প্রদত্ত ক্ষমতাবলে গত ১২ জৈষ্ঠ ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ২৬ মে ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৯১-আইন/২০১৪/ফিল্ড ফা (রাজ-৪) দ্বারা উক্ত এলাকায় ০৫ জুলাই ২০১৪ হইতে ০৪ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ পর্যন্ত এডি ফায়ারিং এবং আর্টিলারি প্র্যাকটিস্ পরিচালনার জন্য প্রজ্ঞাপন জারী করিবার উদ্দেশ্যে, একটি অভিপ্রায় নোটিশ জারী করিয়াছিল;

এবং যেহেতু, এডি ফায়ারিং এবং আর্টিলারি প্র্যাকটিস্ পরিচালনার জন্য ১২ জৈষ্ঠ ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ২৬ মে ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৯১-আইন/ ২০১৪/ফিল্ড ফা (রাজ-৪) দ্বারা নির্ধারিত তারিখ ০৫ জুলাই ২০১৪ ইতিমধ্যে অতিক্রান্ত হইয়া গিয়াছে;

(১৬৩৮৫)
মূল্য : টাকা ৪.০০

সেহেতু, সরকার উক্ত Act এর section 9 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে আগামী ২২ জুলাই ২০১৪ হইতে ০৪ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত উক্ত এলাকায় এডি ফায়ারিং এবং আটিলারি প্র্যাকটিস পরিচালনা অনুমোদন করিল, যথাঃ-

তফসিল

ক। কামান এলাকার সীমানা- সমুদ্র উপকূলের যে কোন জায়গা কামান রাখিবার জন্য নির্বাচিত হইতে পারে যদিঃ

- (১) ইহা উচ্চ জোয়ারের সময় পানির কিনারা হইতে পূর্বদিকে ১০০০ গজ পর্যন্ত দূরত্ব হয়।
- (২) উত্তর সীমানাঃ নিদানীয়া।
 - (ক) দ্রাঘিমাংশ : ৯২ ডিগ্রী ০৩ মিনিট ২৫ সেকেন্ড পূর্ব।
 - (খ) অক্ষাংশ : ২১ ডিগ্রী ১৬ মিনিট ৫০ সেকেন্ড উত্তর।
 - (গ) ভূ-সূত্র : ইউ এইচ (সি জি) ০৩১৬।
 - (ঘ) গ্রীড সূত্র : বর্গক্ষেত্র ৩৩৩০, মানচিত্র সীট নং ৮৪সি/৩
ঙ্কেল ১:৫০,০০০।
 - (ঙ) থানা : উথিয়া।
 - (চ) জেলা : কক্সবাজার।
- (৩) দক্ষিণ সীমানাঃ ইনানী।
 - (ক) দ্রাঘিমাংশ : ৯২ ডিগ্রী ০৩ মিনিট ১৫ সেকেন্ড।
 - (খ) অক্ষাংশ : ২১ ডিগ্রী ১৪ মিনিট ১০ সেকেন্ড।
 - (গ) ভূ-সূত্র : ইউ এইচ (সি জি) ০৩১৪।
 - (ঘ) গ্রীড সূত্র : বর্গক্ষেত্র ৩৩২৪, মানচিত্র সীট নং ৮৪সি/৩
ঙ্কেল ১: ৫০,০০০।
 - (ঙ) থানা : উথিয়া
 - (চ) জেলা : কক্সবাজার।

খ। ফায়ারিং এবং বিপদ এলাকার সীমানা (অর্থাৎ টার্গেট এলাকা):

- (১) উত্তর সীমানা : নিদানীয়া হইতে ৩১৫ ডিগ্রী (অবস্থান উপরে প্রদত্ত)।
- (২) দক্ষিণ সীমানা : ইনানী হইতে ২১৫ ডিগ্রী (অবস্থান উপরে প্রদত্ত)।
- (৩) ফায়ারিং/কামান এলাকার কেন্দ্র হইতে ফায়ারিং এলাকা ব্যাপ্তি : ১৫,০০০ গজ অথবা ৮.৫ মাইল সমুদ্রের আকাশ বরাবর, উত্তর এবং দক্ষিণের সীমানা সাপেক্ষে।
- (৪) বিপদ এলাকার উচ্চতা : ২৫,০০০ ফুট।

গ। এলাকার সীমানা - এলাকাটি নিম্নোক্ত ভৌগলিক কেন্দ্র বিন্দুতে ক্রমানুসারে মিলিত একটি
রেখার দ্বারা বেষ্টিতঃ

দায়িমাংশ (পূর্ব)

- (১) বিন্দু ১°৯২ ডিগ্রী ০৩ মিনিট ২৫ সেকেন্ড
- (২) বিন্দু ২°৯২ ডিগ্রী ০৩ মিনিট ১৫ সেকেন্ড
- (৩) বিন্দু ৩°৯১ ডিগ্রী ৫৭ মিনিট ৫৫ সেকেন্ড
- (৪) বিন্দু ৪°৯১ ডিগ্রী ৫৮ মিনিট ৪৫ সেকেন্ড

অক্ষাংশ (উত্তর)

- ২১ ডিগ্রী ১৬ মিনিট ৫০ সেকেন্ড
- ২১ ডিগ্রী ১৪ মিনিট ১০ সেকেন্ড
- ২১ ডিগ্রী ২২ মিনিট ৪৫ সেকেন্ড
- ২১ ডিগ্রী ০৮ মিনিট ১৫ সেকেন্ড

ঘ। এলাকাটিতে মৌজা অন্তর্ভুক্তিঃ

ক্রমিক নং	মৌজা	জেএল নং	সীট নং	সীট নং
১।	ইনানী	২	১	-

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ কামরুল হাসান খান
উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd